দৈনিক জনকণ্ঠ

JUN. 29 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

ঢাকা বোর্ডে এসএসসির গণিত

# অকৃতকার্য পরীক্ষার্থীদের সর্বোচ্চ ১৫ এবং গ্রেড চেঞ্জের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ গ্রেস দেয়া হচ্ছে

স্টাফ রিপোর্টার ॥ আগামী ৩ জুলাই প্রকাশ হচ্ছে সাতটি শিক্ষাবোর্ডের এসএসসি পরীক্ষার ফল। কোন কারণে ৩ জুলাই ফল প্রকাশ না হলে ৪ জুলাই অবশ্যই ফল প্রকাশ করা হবে বলে জানিয়েছেন শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন। তিনি বলেন, আগামী ৩ জুলাই

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## অকৃতকার্য পরীক্ষার্থীদের

(প্রথম পাতার পর)

ফল প্রকাশের জন্য প্রস্তুতি চলছে এবং এখনও পর্যন্ত এদিনই ফল প্রকাশের সম্ভাব্য তারিখ।

এদিকে দুই ধাপে ঢাকা বোর্ডে গণিত বিষয়ে কমন গ্রেস দেয়া হবে। অকৃতকার্য পরীক্ষার্থীদের সর্বোচ্চ ১৫ নম্বর গ্রেস দেয়া হবে। অর্থাৎ ১৫ নম্বর গ্রেস দেবার পর কোন পরীক্ষার্থী যদি 'এফ' গ্রেড বা পাস নম্বর পায় তাহলে তাকে তা দেয়া হবে। অন্যদিকে গ্রেডিংয়ের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ গ্রেস দেয়া হবে। অর্থাৎ কোন পরীক্ষার্থীকে ৫ গ্রেস দেবার পর যদি তার গ্রেড পরিবর্তন হয় তাহলে তাকে তা দেয়া হবে। যেমন ৮০ থেকে ১০০ পেলে 'এ' প্লাস। এখন কোন পরীক্ষার্থী যদি ৭৫ নম্বর পায় তাহলে তাকে ৫ নম্বর গ্রেস দিয়ে ৮০ দেয়া হবে এবং সে 'এ' প্লাস পাবে। অন্যান্য গ্রেডের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য। অর্থাৎ ৫ নম্বরের জন্য কোন পরীক্ষার্থীর গ্রেড মিস হবে না।